**তুলসি গাছ**

তুলসি :-----

তুলসি শুধু গাছ নয়। তুলসি নারায়ণের মহান ভক্ত । তাই তুলসি গাছ বাড়িতে থাকলে অনেক উপকার হয় । শাস্ত্রে তাই তুলসি নিয়ে অনেক বিধানও দেওয়া আছে:-

তুলসি একটি ওষধি গাছ এবং তার নানা গুণ। সেই সঙ্গে আবার ধর্মীয়ভাবেও তুলসি খুব তাৎপর্যপূর্ণ। বাড়িতে তুলসি গাছ থাকলে যেমন নানা অসুখ মোকাবিলায় গাছের পাতা ব্যবহার করা যায় তেমনই বিশ্বাস অনুসারে তুলসির অন্য উপকারও আছে। নানা পুণ্য লাভ হয় বলেও মনে করা হয়।

১। তুলসি কার্ত্তিক মাসের অমাবস্যা তিথিতে ধরাতলে তরুরূপে জন্মগ্রহণ করেন। তাই এই মাসে তুলসিপাতা নারায়ণ পূজা করলে অন্তরের হরিগৃহে বাস করা যায়।

২। তুলসি রোপন করলে গাছের মূল যত বিস্তৃত হতে থাকে, তত বিস্তৃত হয় পুন্য লাভ।

৩। তুলসি পাতা দিয়ে নারায়ণ পূজা করলে সারা জীবনের পাপ নষ্ট হয়।

৪। বাড়ির যে দিক দিয়ে তুলসির গন্ধ যুক্ত বায়ু প্রবাহিত হয়, সেই দিক পবিত্র হয়।

৫। তুলসি-তলায় প্রদীপ জ্বালালে বৈষ্ণব-ভাব লাভ হয়।

৬। যে বাড়িতে তুলসি-কানন থাকে, সে বাড়ি তীর্থস্বরূপ হয়ে ওঠে।

৭। নর্ম্মদা ও গোদাবরী নদীতে স্নান করলে যে পুন্য লাভ হয়, তুলসি সংসর্গে সেই ফল লাভ হয়।

৮। তুলসি মঞ্জরী দিয়ে বিষ্ণুপূজা করলে ক্লেশ বহণ করতে হয় না।

*************************************************

Published on: Oct, 12 2022 15:16